# Times Today BD

রকিবুল হাসান রকি | রাজশাহী | 16 April, 2025

রাজশাহীর পুঠিয়া থানার মাদক মামলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামী সেলিম কে গ্রেপ্তার করেছে পুঠিয়া থানা পুলিশ।

মঙ্গলবার (১৫ এপ্রিল) রাতে পুঠিয়া উপজেলার নামাজ গ্রাম এলাকায় আসামীর নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয় বলে জানিয়েছেন পুঠিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কবির হোসেন।

গ্রেপ্তারকৃত আসামী সেলিম (৪২) বানেশ্বর নামাজ গ্রাম এলাকার আবুল কাশেমের ছেলে।

পুলিশ সূত্রে জানা যায়, সেলিম মাদক মামলার আসামি।গ্রেফতারি পরোয়ানা ইস্যুর পর থেকেই দেশের বিভিন্ন স্থানে আত্মগোপনে ছিলেন তিনি।এ ঘটনার গুরুত্ব বিবেচনায় নিয়ে পুলিশ এ আসামিকে গ্রেফতারের লক্ষ্যে গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করে।এরই ধারাবাহিকতায়, গোপন তথ্যের ভিত্তিতে এ,এস,আই সেলিম রেজা ও এ,এস,আই আজিজ আভিযান এর নেতৃত্বে অভিযান চালিয়ে সেলিমকে গ্রেপ্তার করা হয়।

এছাড়াও পুঠিয়া থানা পুলিশ একই দিনে হাতিনাজা এলাকায় অভিধান চালিয়ে ৩ মাসের জেল ও ৫ লক্ষ টাকা জরিমানার সাজাপ্রাপ্ত পলাতক আসামী গ্রেফতার করে।সে আসামি হলো, হাতিনাজা এলাকার আবু বক্কর এর ছেলে আরমান আলী (৫০)।

এসব বিষয়ে পুঠিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন বলেন, গতকাল বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামিসহ মোট ৪জন আসামি গ্রেফতার করেছি।আমাদের এ অভিযান চলমান থাকবে।

মাদক মামলা যাবজ্জীবন আসামি গ্রেপ্তার পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:55

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/900775807